

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা

আমরা বদলে যাবো  
আমরা বদলে দেবো

নথি নংঃ ০৮.০১.০০০০.০২৭.১৬.০০৩.২৩.(অংশ-৯)/১২৬

তারিখ: ১৩/০৩/২০২৪ খ্রি:

**বিষয়ঃ রিটার্ন দাখিলের প্রমাণ ব্যবসাস্থলে দৃষ্টিগোচর হয় এইরূপ স্থানে প্রদর্শন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি।

০২। আয়কর আইন, ২০২৩ এর ২৬৫ ধারায় রিটার্ন দাখিলের প্রমাণ প্রদর্শন করার নিম্নরূপ বিধান এবং উক্ত বিধান পরিপালনের ব্যর্থতায় নিম্নরূপ জরিমানার বিধান সংযোজন করা হয়েছে।

**“২৬৫(১)- এই আইনের অধীন রিটার্ন দাখিলের বাধ্যবাধকতা রহিয়াছে এইরূপ করদাতা যাহার ব্যবসা হইতে আয় রহিয়াছে তিনি রিটার্ন দাখিলের প্রমাণ তাহার ব্যবসার স্থানে সহজে দৃষ্টিগোচর হয় এইরূপ কোনো স্থানে প্রদর্শন করিবেন।**

**২৬৫(২) যেইক্ষেত্রে কোনো করদাতা উপ-ধারা (১) এর বিধান পরিপালনে ব্যর্থ হন সেইক্ষেত্রে তিনি উপকর কমিশনার অনূন্য ৫ (পাঁচ) হাজার টাকা এবং অনধিক ২০ (বিশ) হাজার টাকা পর্যন্ত জরিমানা আরোপ করিতে পারিবেন।”**

০৩। এমতাবস্থায়, এই আইনের অধীন রিটার্ন দাখিলের বাধ্যবাধকতা রয়েছে এরূপ করদাতা যার ব্যবসা হতে আয় রয়েছে তাঁর রিটার্ন দাখিলের প্রমাণ তাহার ব্যবসাস্থলে সহজে দৃষ্টিগোচর হয় এরূপ কোনো স্থানে প্রদর্শন করার আদেশ জারি এবং তা বাস্তবায়ন নিশ্চিত করার জন্য কর অঞ্চলসমূহকে নির্দেশ প্রদান করা হলো।

স্বাক্ষরিত ১৩/০৩/২৪

(সৈয়দ মোহাম্মদ আবু দাউদ)

সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

নথিঃ ০৮.০১.০০০০.০২৭.১৬.০০৩.২৩.(অংশ-৯)

তারিখঃ ১৩/০৩/২০২৪ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য:-

০১। সদস্য (সকল-আয়কর অনুবিভাগ), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০২। মহাপরিচালক, বিসিএস (কর) একাডেমি/ সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল/ কর পরিদর্শন পরিদপ্তর।

০৩। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২/১৩/১৪/১৫/১৬/১৭/১৮/১৯/২০/২১/২২/২৩/২৪/২৫-ঢাকা।

০৪। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪-চট্টগ্রাম।

০৫। কর কমিশনার, কর অঞ্চল-নারায়ণগঞ্জ/গাজীপুর/ময়মনসিংহ/বগুড়া/রংপুর/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/কুমিল্লা।

০৬। কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট/কেন্দ্রীয় কর জরীপ অঞ্চল।

০৭। কর কমিশনার, কর আপীল অঞ্চল-১/২/৩/৪, ঢাকা, কর আপীল অঞ্চল-১, চট্টগ্রাম, কর আপীল অঞ্চল- খুলনা /রাজশাহী।

০৮। কর কমিশনার, কর গোয়েন্দা ও তদন্ত ইউনিট/ই-ট্যাক্স ব্যবস্থাপনা ইউনিট/উৎসে কর ব্যবস্থাপনা ইউনিট।

০৯। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)

১০। অফিস কপি।

স্বাক্ষরিত ১৩/০৩/২৪

(মোঃ আতাউর রহমান)

দ্বিতীয় সচিব

কর পরিবীক্ষণ ও সমন্বয়

জাতীয় রাজস্ব বোর্ড